গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিপুর, সুনামগঞ্জ
www.tahirpur.sunamganj.gov.bd

মার্চ/২০২৩ মাসে অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার তারিখ : ৩০-০৩-২০২৩খ্রি.
সময় : বেলা-১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক"।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। সভায় জানান মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন ও মিশন কার্যকরের লক্ষ্যে দুই হাজার একচল্লিশ সালের মধ্যে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করার জন্য পরস্পরের সহযোগিতা কামনা করেন এবং নিজ নিজ দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নির্ধারিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধন / সংযোজন / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করার জন্য সভায় একমত পোষণ করা হয়। | সিদ্ধান্তঃ বিগত সভার কার্যবিবরণীতে সংশোধন / সংযোজন/ পরিবর্তন না থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | বাস্তবায়নঃ সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা তাহিরপুর সভায় জানান যে, হাসপাতালের পুরাতন ভবনের কাজ চলছে। বাদাঘাট কমিউনিটি ক্লিনিকের কাজ হচ্ছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার সভায় অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প কমিউনিটি ক্লিনিকসমূহে সেবার মান বৃদ্ধি করতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে নজরদারি করার জন্য অনুরোধ জানান। কমিউনিটি ক্লিনিকগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী বিধি অনুয়ায়ী উপস্থিতি নিশ্চিত করণসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br><br>০২। কমিউনিটি ক্লিনিক সমূহের সেবার মান বৃদ্ধি ও সার্বিক তদারকির জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, তাহিরপুর, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার তাহিরপুর এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। বোরো ফসল আগামী দশ দিনের মধ্যে ধান কাটা শুরু হবে। তাছাড়া তিনি আরও বলেন আগামী ২৫ দিনের মধ্যে প্রায় ৭০% ফসল কর্তন করা হবে। ফসলের মাঠ নিয়মিত পরিদর্শন করে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদেরকে পরামর্শ প্রদান করেছেন। হাওরের বাধের কাজ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। সার ও কীট নাশক নিয়ে কোন প্রকার সমস্যা হয় নাই। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে হাওরের বোর ফসলের কর্তনের পূর্ব পর্যন্ত নিয়মিত মাঠে পরিদর্শণ চলমান রাখা এবং কৃষকদের সঙ্গে পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া হাওরের বেরী বাঁধ সম্পর্কেও নিয়মিত মনিটরিং করা এবং সার্বিক ভাবে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর সভায় জানান যে, তার দপ্তরের জনবল সংকট থাকার ফলে দাপ্তরিক কার্যক্রম কিছুটা ব্যহত হচ্ছে। প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের মাধ্যমে কৃষকদের মনোযোগীকরে তোলা, এবং খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি এবং বিভিন্ন ইউনিয়ন হতে আক্রান্ত গবাদি পশুকে সুচিকিৎসা প্রদান করার বিষয়ে উপজেলা উপজেলা প্রাণি সম্পদ অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান বিল ইজারাদারগণ যদি বিল সেচ দিয়ে মাছ আহরণ করে তাহলে মৎস্য উৎপাদন কমে যাবে। এ বিষয়ে উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয় | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে। বিল সেচের বিষয়ে কোন প্রকার তথ্য পাওয়া গেলে তাৎক্ষনিক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৬ | শিক্ষা বিভাগ | উপজেলা সহকারী শিক্ষা অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে । তিনি আর জানান ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা হারে ০৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামতের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে কাজ চলমান রয়েছে। ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হারে ১৩৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্লিপের টকার বরাদ্দ পাওয়া যায় বরদ্দের আলোকে যথাযথ ভাবে কাজ সমাপ্ত করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ০৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামতের কাজ যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়। যদি কোন প্রকার কাজের অনিয়ম পাওয়া যায় তাহলে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২। ১৩৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্লিপের টকায় যে সকল কাজ সমাপ্ত করা হয়। যদি কোন প্রকার কাজের অনিয়ম পাওয়া যায় তাহলে তাদেও বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার তাহিরপুর |
| ০৭ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থবছরের এডিপির দরপত্র আগামী ২৮-০৩-২০২৩ তারিখ গ্রহণ করা হয়েছে এবং পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া তিনি আরো বলেন, লোকাল গর্ভনমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (লজিক) প্রকল্প চলমান আছে এবং পিবিসিআরজিএর ২০২২-২০২৩ ইং অর্থ বছরে সম্ভাব্য খসড়া স্কীমের তালিকা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে লোকাল গর্ভনমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (লজিক) প্রকল্প পিবিসিআরজিএর ২০২২-২০২৩ ইং অর্থ বছরে স্কীমের তালিকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্প তালিকা (পরিশিষ্ট"খ") দেওয়া হলো। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বাদিজুরী ও বাদাঘাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র মেরামতের জন্য প্রকৌশলী এইচইডি বরাবরে পূর্বেই আবেদন করা হয়। তাছাড়া তৎ এইচইডি কর্তৃক মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উপজেলা পরিবার পরিকল্পা অফিসার, তাহিরপুর সভায় জানান জন্ম মৃত্যু নিবন্ধনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ তাহিরপুর এর পরিবার পরিকল্পনা পরিদর্শক সকলকে মনিটরিং ও সুপারভিশনের দায়িত্ব দেওয়া হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর বাদাঘাট ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, শ্রীপুর দক্ষিণ ইউনিয়নে পাঠাবুকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বাদিজুরী ইউনিয়নে বাদিজুরী স্বাস্থ্য ও পরিবার স্বাস্থ্য কল্যাণ পুনর্নির্মাণ করার জন্য সভায় উপস্থিত একমত পোষণ করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জন্য পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর এ দৃষ্টি আকর্ষণ করা হয়।<br><br>০২। বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র কমিউনিটি ক্লিনিকে নবজাতকের জন্ম গ্রহণ করার সঙ্গে সঙ্গে জন্ম সনদ ও মৃত্যু সনদ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তথ্য নিয়মিত তথ্য প্রদান করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরে দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা অফিসার, তাহিরপুর (সংশ্লিষ্ট সকল) |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে। বয়স্ক ভাতা গ্রহণ নিয়ে উপজেলার কিছু ইউনিয়ন থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে। এ বিষয়ে সমাজসেবা কর্মকর্তা বলেন, অত্র উপজেলায় দুইটি ইউনিয়নে ডিজিটাল পদ্ধতিতে এবং পাঁচটি ইউনিয়নে ম্যানুয়াল পদ্ধতিতে বয়স্ক ভাতা প্রদান করা হচ্ছে। ডিজিটাল পদ্ধতিতে বয়স্ক ভাতা প্রদান করার কারণে ঐ দুটি ইউনিয়নে বয়স্কভাতাভোগীরা ঝামেলাবিহীনভাবে বয়স্ক ভাতা নিতে পারেন। অন্যদিকে বাকি পাঁচটি ইউনিয়নের উপকারভোগীরা প্রায়শই বিভিন্ন ঝামেলার মধ্যে পড়েন। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলার সকল ইউনিয়নে ডিজিটাল পদ্ধতিতে বয়স্ক ভাতা প্রদানের ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয় এবং এ বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর ও সংশ্লিষ্ট সকল। |
| ১০ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাহিরপুর সভায় জানান আগামী ৩০-০৪-২০২৩খ্রি. তারিখে এস.এস.সি/দাখিল সমমানের পরীক্ষা শুরু হবে। তাছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। পরীক্ষায় সার্বিক ভাবে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে আগামী ৩০-০৪-২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত এস.এস.সি/দাখিল সমমানের পরীক্ষা যথাযথ সুষ্ঠুভাবেপরিচালনা করার জন্য উপজেরা মাদ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার তাহিরপুর সভায় জানান তাহিরপুর উপজেলায় সমবায় বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আলোচ্য মাসে লজিক প্রকল্পের আওতায় জলবায়ু ও জীবীকা উন্নয়নের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে মহিলাদের সমন্বয়ে ০৪ ( চার) টি সমিতি নিবন্ধন করা হয়েছে। নিবন্ধিত সমিতিগুলির নামে ব্যাংক হিসাব নম্বর খোলার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তাহিরপুর ইউজি বাইক পরিবহন শ্রমিক সমবায় সমিতি লিঃ ও বালিজুরী মিনি ক্রাশার মালিক সমবায় সমতি লিঃ এর নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলায় মোট সমবায় কর্তৃক সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা সবমায় অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ন্যাশনাল সার্ভিস কর্তৃক যে সকল লোকজনদেরকে নিয়োগ প্রদান করা হয়েছে তাদের ভাতা প্রদান করা হচ্ছে। ঋণ দান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে এবং প্রশিক্ষণার্থীদের ভাতা সুষ্ঠভাবে সম্পন্ন হচ্ছে। তা ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ন্যাশনাল সার্ভিস কর্তৃক যে সকল লোকজনদেরকে নিয়োগ প্রদান করা হয়েছে তারা যে সকল প্রতিষ্ঠানে কর্মরত রয়েছে। সে সকল প্রতিষ্ঠানের প্রধানগণ তাদের নিয়মিত কর্মস্থলে উপস্থিতি যাচাই বাছাই করে প্রত্যয়ন পত্র দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন/ সংশ্লিস্ট সকল |
| ১৩ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তাহিরপুর, প্রতনিধি সভায় জানান দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে। তাছাড়ার নিরাপদ পানি সরবরাহ পকল্পের আওতায় গভীর নলকুপের কাজ চলমান রয়েছে। মানব সম্পদ উন্নয়নের গ্রামীণ পানি সরবরাহ স্যানিটেশন এবং স্বাস্থ্য বিধি প্রকল্পের আওতায় পাইপ৫ লাইনর মাধ্যমে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহের নলকুপ এবং কনস্ট্রাকশনের কাজ চলমানরয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথযথভাবে পরিচালনা করার জন্য উপজেল জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া কাজের বিষয় যদি কোন প্রকার অনিয়স এবং গাফিলতি পাওয়া যায় তাহলে তাদেও বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১৪ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কর্তৃক প্রতিনিধি তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কর্মসুচির ২য় পর্যায়ের প্রকল্প গ্রহণ করা হয়েছে। গৃহীত প্রকল্প কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া ইজিপিপি প্লাস কাজ চলমান রয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত বরাদ্দের আলোকে ২০২২-২০২৩ অর্থবছরে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আর্কণ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর, সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তাদের বিভাগের VWB কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ নতুন চক্রের উপকার ভোগীর জানুয়ারী/২০২৩, ফেব্রুয়ারী/২০২৩ মাসের খাদ্য বিতরণ করা হচ্ছে। মার্চ/২০২৩ মাসের খাদ্য শস্য ডিও দেয়া হয়েছে।<br><br>তিনি আরও জানান, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের মাস ওয়ারী ইউনিয়ন ভিত্তিক বিভাজন অনুযায়ী কার্যক্রম নিয়মিত চলছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে তাদের বিভাগের VWB কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ নতুন চক্রের উপকার ভোগীর মধ্যে মার্চ২০২৩, মাসের খাদ্য শস্য বিতরণে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br><br>০২। বিস্তারিত আলোচনান্তে তিনি আরও জানান মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরের ইউনিয়ন ওয়ারী উপকার ভোগী বিভাজন অনুয়ীায় বিধি মোতেবক কার্যক্রম পরিচালনা করার জন্য এ বিষয়ে সভায় উপস্থিত সকল একমত পোষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর<br><br>০২। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর,<br><br>৩..<br><br>১০২চেয়ারম্যান, ইউনিয়ন |
| ১৭ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান উপজেলা আনসার ভিডিপি তাহিরপুর এর পক্ষ থেকে ২১ দিনের মেয়াদী অস্ত্রসহ ভিত্তিক মৌলিক প্রশিক্ষণের জন্য বাছাই করা হয় এবং জেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে পাঠানো হয়। একজন সদস্যকে মোটর ড্রাইভয় প্রশিক্ষণের জন্য পাঠানো হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য তাহিরপুর, উপজেলা আনসার ভিডিপি অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা আনসার ও<br><br>ভিডিপি অফিসার |
| ১৮ | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | পল্লী সঞ্চয় ব্যাংক অফিসার |
| ১৯ | নৌকাঘাট ও হাটবাজার | ১৪৩০ বাংলা বছরের জন্য পরিষদের অধীন হাট বাজার ও নৌকাঘাট/ফেরিঘাট নিয়ে আলোচনা করা হয়। সভায় ০২/০২/২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত তাহিরপুর উপজেলা হাটবাজার দরপত্র মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণী এবং ০৭/০২/২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত নৌকাঘাট/ফেরীঘাট ইজারা ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী (পরিশিষ্ট- "গ") উপস্থাপন করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে বাংলা ১৪৩০ বছরের জন্য সর্বোচ্চ উদ্ধৃত দরদাতার অনুকূলে হাটবাজার ও নৌকাঘাট/ফেরিঘাট ইজারা দেয়ার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>যেসব হাট বাজার ও নৌকাঘাট/ফেরিঘাটের জন্য নির্দিষ্ট সময়ে কোন দরপত্র জমা পরেনি এবং মামলা সংক্রান্ত জটিলতায় থাকা হাট বাজার ও নৌকাঘাট/ফেরিঘাটসমূহ সরকারের দখল স্বার্থ রক্ষা, আইন-শৃঙ্খলা বজায় রাখা ও রাজস্ব আদায়ের লক্ষ্যে বিধি মোতাবেক খাস কালেকশনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান উপজেলা পরিষদের চুক্তিভিত্তিক কর্মচারী জনাব মোঃ মহিবুল ইসলাম, অফিস সহায়ক, জনাব মোঃ আব্দুল কাইয়ুম, মালি (০২) দুই জন কর্মচারী আসন্ন ঈদুল ফিতর/২০২৩ উদযাপন উপলক্ষ্যে উৎসব ভাতা পাওয়ার জন্য ২৯-০২-২০২৩ খ্রি. তারিখে একটি আবেদন দাখিল করেন। আবেদনের আলোকে সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা পরিষদের চুক্তিভিত্তি কর্মচারী জনাব মোঃ মহিবুল ইসলাম, অফিস সহায়ক, জনাব মোঃ আব্দুল কাইয়ুম, মালি (০২) দুই জন কর্মচারীকে আসন্ন ঈদুল ফিতর/২০২৩ উদযাপন উপলক্ষ্যে উৎসব ভাতা বাবদ ৮০০০/- (আট হাজার) টাকা হারে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৪/২০২৩

করুনা সিন্ধু চৌধুরী বাবুল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ

স্মারক নং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.১৯-(৬৮৫০). তারিখ: ০৪-০৪-২০২৩খ্রি.

সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১. মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-০১ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।
৭. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৮. সিভিল সার্জন, সুনামগঞ্জ।
৯. ..........................................................................(জেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল), সুনামগঞ্জ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১০. ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
১১. উপজেলা......................................কমর্কর্তা (সংশ্লিষ্ট সকল) তাহিরপুর, সুনামগঞ্জ।
১২. চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ (সকল) তাহিরপুর, সুনামগঞ্জ।
১৩. অফিস নথি/ মাস্টার ফাইল।

০৪/০৪/২০২৩

সুপ্রভাত চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
E-mail: unotahirpur@gmail.com



CamScanner

পরিশিষ্ট"খ"

| ক্র.নং | স্কীমেরনাম | ইউনিয়ন | ওয়ার্ড নং | আনুমানিক ব্যয় | প্রকল্পের ধরন | লজিক থেকে প্রাপ্ত বরাদ্দকৃত টাকা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জলবায়ু পরিবর্তনজনিত বন্যা ও আকষ্মিক বন্যার দ্বারা ভাঙ্গনের কবল হতে হাটি রক্ষার জন্য সমন্বিতঅভিযোজন ব্যবস্থা (হাটি রক্ষা প্রাচীর নির্মাণ ও উপযুক্ত জাতের রোপণ)।<br>বিবরণ ঃ ১নং শ্রীপুর (উঃ) ইউনিয়নের ৯নং ওয়ার্ডেও মন্দিয়াতা নিয়ামতপুর গ্রামের পূর্বে সরকারি গুপাট/ হালট হইতে পশ্চিমে ১৬৪ মিটার,মোট ৫৩৭.৯২ ফুট (হাটি রক্ষা প্রাচীর নির্মান ও উপযুক্ত জাতের রোপণ) | ১নং শ্রীপুর (উঃ) | ৯ | ২৪,০৩,৯১৮/ | হাটি রক্ষা প্রাচীর নির্মান ও উপযুক্ত জাতের রোপণ | ৫৩,৯৭,২৭৬/ |
| ০২ | জলবায়ু পরিবর্তনজনিত বন্যা ও আকষ্মিক বন্যার দ্বারা ভাঙ্গনের কবল হতে বন্যাশ্রয় কেন্দ্র রক্ষার জন্য সমন্বিত অভিযোজন ব্যবস্থায় (নিরাপদ আশ্রয় শেল্টারের মাঠ উচুকরন)।<br>বিবরণ ঃ ২নং শ্রীপুর (দঃ) ইউনিয়নের ৯ নংওয়ার্ডেও দিজেন্দ্র বর্মন নিম্নমাধ্যমিক বিদ্যালয় কাম-বন্যাশ্রয় কেন্দ্রের মাঠ উচুকরন,শেল্টার রক্ষা প্রাচীর ও উপযুক্ত জাতের রোপণ (মানুষ ও গবাদিপশু নিরাপদ আশ্রয় স্থলের জন্য)। | ২নং শ্রীপুর (দঃ) | ৯ | ২৯,৯৩,৩৫৮/ | মাঠ উচুকরণ (শেল্টার রক্ষা প্রাচীর ও উপযুক্ত জাতের রোপণ)। | |
| কথায় ঃ তেপ্পান্ন লক্ষ সাতানব্বই হাজার দুইশত ছিয়াত্তর টাকা মাত্র | | | | ৫৩,৯৭,২৭৬/ | - | ৫৩,৯৭,২৭৬/ |

08/08/2026
সুপ্রভাত চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর,সুনামগঞ্জ

08/08/2026
করুনা সিন্ধু চৌধুরী বাবুল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,তাহিরপুর,সুনামগঞ্জ



CamScanner

সভাপতি: জনাব [illegible] উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর
[illegible]
তারিখ: [illegible]

২ [illegible] সভা [illegible]

| নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব [illegible] | উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর | |
| ০২ | জনাব [illegible] | উপজেলা [illegible] অফিসার তাহিরপুর | |
| ০৩ | জনাব [illegible] | মহিলা ভাইস চেয়ারম্যান | |
| ০৪ | জনাব আলী আহমদ মুরাদ | চেয়ারম্যান [illegible] | |
| ০৫ | জনাব [illegible] | [illegible] সদর | |
| ০৬ | জনাব মো: [illegible] মিয়া | বড়দল উত্তর ইউপি | |
| ০৭ | জনাব [illegible] মিয়া | [illegible] বালিজুরী ইউপি | |
| ০৮ | মো: [illegible] | উপজেলা প্রকৌশলী [illegible] | |
| ০৯ | [illegible] চন্দ্র বর্মন | [illegible] পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর | |
| ১০ | আশীষ আচার্য্য | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর | |
| ১১ | মো: [illegible] হোসাইন | উপজেলা [illegible] তাহিরপুর | |
| ১২ | মো: আবু মিয়া | [illegible] বড়দল দ: | |

| নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৩ | মো: মিজানুর রহমান | USEO | |
| ১৪ | মো: আব্দুল জলিল | AUEO | |
| ১৫ | মো: [illegible] উদ্দিন | SAE [illegible] | |
| ১৬ | আল আমিন | SAE জনস্বাস্থ্য প্রকৌ: অ: | |
| ১৭ | পলাশ চন্দ্র মন্ডল | [illegible] | |
| ১৮ | সাইফুল ইসলাম | উপজেলা [illegible] | |
| ১৯ | মো: [illegible] | [illegible] | |
| ২০ | মো: ইউসুফ আলী | UFO | |
| ২১ | মো: [illegible] উদ্দিন | UFPO [illegible] | |
| ২২ | ডা. [illegible] | [illegible] | |
| ২৩ | [illegible] আহমেদ | [illegible] | |
| ২৪ | ডা: [illegible] | UHFPO, Tahirpur | |

| ক্র: | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৫ | মো: হাসান-উদ-দৌলা | উপজেলা যুব অফিসার | [illegible] ৩০।০৭।২৫ |
| ২৬ | মোহাম্মদ শাহাদাৎ হোসাইন | এস.আই সদর কোম্পানি ইনচার্জ [illegible] | [illegible] ৩০।০৭।২৫ইং |
| ২৭ | মোস্তফুল আলী | CRDO | [illegible] ৩০.৭.২৫ |
| ২৮ | [illegible] | [illegible] | [illegible] |